

## শাহজাদপুরের সাতবাড়িয়া ও জামিরতা কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে ৫০ হাজার টাকা আত্মসাতের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, শাহজাদপুর

শাহজাদপুর উপজেলার সাতবাড়িয়া ডিগ্রী কলেজ ও জামিরতা ডিগ্রী কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে গত এইচএসসি পরীক্ষায় হল পরিদর্শকদের পারিশ্রমিকের প্রায় ৫০ হাজার টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। এ দু'টি কলেজ কেন্দ্রে সাতবাড়িয়া কলেজের শিক্ষকগণ জামিরতা কলেজ কেন্দ্রে এবং জামিরতা কলেজের শিক্ষক সাতবাড়িয়া কলেজ কেন্দ্রে গত এইচএসসি পরীক্ষায় হল পরিদর্শকের দায়িত্ব পালন করেন। অথচ তাঁরা পারিশ্রমিক পাননি। জেলা প্রশাসকের কাছে বাবস্থা চেয়ে জামিরতা কলেজের শিক্ষকগণ ইতোমধ্যে সাতবাড়িয়া কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগ করেন। গত ৩ সেপ্টেম্বর সাতবাড়িয়া ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোঃ আব্দুল

কাইয়ুম জেলা প্রশাসকের কাছে লেখা এক পত্রে বলেছেন, পরীক্ষা শেষে জামিরতা ডিগ্রী কলেজের শিক্ষকদের তিনি ১শ' ৫০ টাকা করে দিয়েছেন এবং অবশিষ্ট টাকা ফান্ড অনুমোদনসাপেক্ষে পরবর্তীতে প্রদান করবেন।

অভিযোগকারীদের সূত্রে জানা গেছে, গত এইচএসসি পরীক্ষায় উপজেলার জামিরতা ডিগ্রী কলেজ ও হুঁটিয়া স্কুল ও কলেজের ২৮ শিক্ষক সাতবাড়িয়া ডিগ্রী কলেজ

### পারিশ্রমিক পাননি হল পরিদর্শকরা

কেন্দ্রে হল পরিদর্শকের দায়িত্ব পালন করেন। কিন্তু কেন্দ্র সচিব কলেজের অধ্যক্ষ মোঃ আব্দুল কাইয়ুম নানা অজুহাতে তাঁদের প্রাপ্য পারিশ্রমিকের প্রায় ৫০ হাজার টাকা আজ পর্যন্ত পরিশোধ করেননি। এ সূত্র মতে হল পরিদর্শকদের পারিশ্রমিক ও পরীক্ষা চলাকালীন অন্যান্য ব্যয় নির্বাহের জন্য ৭শ' ৭৮ পরীক্ষার্থীর কাছ থেকে মাথাপিছু ১শ' টাকা করে কেন্দ্র ফী বাবদ প্রায় ৭৮ হাজার টাকা আদায় করেছেন।